জরুরী

বিমান সদর
পরিচালন ও প্রশিক্ষণ শাখা
পরিকল্পনা পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

দুরাঃ ৫৫০৬০০০০ সম্প্রঃ ৩১১৪
Website: www.baf.mil.bd

০৬.০৩.২৬০০.০১১.৬৩.০১৪.১৫.০০৫/৭৭ মার্চ ২০১৬

সরকারের ০৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্হাকরন সম্পর্কিত তথ্য

বরাতঃ

ক। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৭২ তারিখ ১০ মার্চ ২০১৬।

১। বরাত ক পত্রের চাহিদা মোতাবেক বাংলাদেশ বিমান বাহিনী হতে সরকারের ০৭ (সাত) বছরের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য নিম্নে প্রদান করা হলোঃ

২০০৯-২০১৩ অর্থবছর

ক। বাংলাদেশের অকাশসীমার নিরাপত্তা ও আকাশ প্রতিরক্ষার অংশ হিসেবে, ২০০৯-২০১০ অর্থ বছরে স্বাক্ষরিত চুক্তির মাধ্যমে, ক্রয়কৃত SHORAD System টি নিয়মিত পরিচালনা করা হচ্ছে।

খ। গত ২০১০-২০১১ অর্থ বছরে স্বাক্ষরিত চুক্তির আওতায় গণপ্রজাতন্ত্রী চীন হতে ক্রয়কৃত ১৬টি F-7BG1 যুদ্ধবিমান বাংলাদেশ বিমান বাহিনীতে সংযোজিত হয়েছে। একই অর্থবছরে রাশিয়ান ফেডারেশন হতে ০৩টি Mi-171SH হেলিকপ্টার ক্রয় করা হয়েছে।

গ। বাংলাদেশ বিমান বাহিনীর বৈমানিকদের উন্নত প্রশিক্ষণ প্রদানের জন্য গত ২০১২-২০১৩ অর্থ বছরে স্বাক্ষরিত চুক্তির আওতায় গণপ্রজাতন্ত্রী চীন হতে ক্রয়কৃত ০৯টি K-8W Jet Trainer বিমান বাংলাদেশ বিমান বাহিনীতে সংযোজিত হয়েছে।

ঘ। বাংলাদেশের আকাশসীমার নিচ্ছিদ্র নিরাপত্তা, বহিঃশত্রু আক্রমণের পূর্বাভাস এবং শক্তিশালী আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলার জন্য ২০১০-১১ এবং ২০১১-১২ অর্থবছরে বিমান বাহিনীর জন্য মোট ৪টি Air Defence Radar ক্রয় করা হয়েছে। উক্ত রাডারগুলো দেশের বিভিন্ন জেলায় স্হাপন করা হয়েছে।

ঙ। বাংলাদেশের অকাশসীমার নিরাপত্তা ও বিভিন্ন প্রকার যুদ্ধ বিমানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০০৯-২০১০ অর্থ বছরে রাশিয়ার সাথে স্বাক্ষরিত চুক্তির মাধ্যমে Air to Air মিসাইল ক্রয় করা হয়েছে।

চ। বাংলাদেশ বিমান বাহিনীর অপারেশনাল কার্যক্রম পরিচালনার জন্য জেট এ-১ ফুয়েল সুষ্ঠুভাবে সংরক্ষণ ও প্রয়োজন অনুযায়ী সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে গত ২০১০-২০১১ অর্থ বছরে ২৫,০০০ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ২টি ও ১৫,০০০ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ২টি মোট ৪টি Portable Fuel Storage Bladder ক্রয় করা হয়েছে।

ছ। ভুমিকম্প বা অন্য কোন কারণে সংগঠিত অগ্নিকান্ডের মোকাবেলায় ২০১০-২০১১ অর্থ বছরে বিমান বাহিনীর ২টি হেলিকপ্টারের জন্য Aerial Fire Fighting Equipment ক্রয় করা হয়েছে।

জ। বহিঃশত্রুর আক্রমণ হতে দেশকে রক্ষা এবং শত্রুর গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ ধ্বংস করার লক্ষ্যে বিমান বাহিনীর জন্য আকাশ হতে আকাশে নিক্ষেপণযোগ্য আধুনিক ক্ষেপণাস্ত্র ও উচ্চ ক্ষমতাসম্পন্ন বোমা Precision Guided Bomb ক্রয় করা হয়েছে।

ঝ। বাংলাদেশ বিমান বাহিনীকে আধুনিকায়ন ও শক্তিশালী করার লক্ষ্যে অতি সম্প্রতি মিসাইলের কার্যকারিতা ও ত্রুটি নিরুপনের জন্য সম্পুর্ন আধুনিক Missile Test Bench ক্রয় করা হয়েছে।

T। গত ১৩ জুলাই ২০১০ তারিখে সরকার কক্সবাজারে ২৬৯ জন লোকবলের সমন্বয়ে বিমান বাহিনীর একটি অগ্রবর্তী বিমান ঘাঁটির সাংগঠনিক কাঠামো বর্তমান সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ০৩ এপ্রিল ২০১১ তারিখে উক্ত বিমান ঘাঁটি উদ্বোধন করেন। এই বিমান ঘাঁটি স্হাপনের ফলে বিমান বাহিনীর অগ্রযাত্রা আরো ত্বরান্বিত হয়েছে এবং এই ঘাঁটিকে একটি পূর্ণাঙ্গ ঘাঁটিতে রূপান্তরের কার্যক্রম অব্যাহত রয়েছে।

ট। গত ০২ এপ্রিল ২০১৩ তারিখে বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধুর সাংগঠনিক কাঠামোর অনুমোদন লাভ করেছে, যাহা ০৭ (সাত) অর্থ বছরে কার্যকর করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ০৯ এপ্রিল ২০১৩ তারিখে বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু এর উদ্বোধন করেন।

V। বাংলাদেশ বিমান বাহিনীর বিভিন্ন যুদ্ধবিমান, যুদ্ধাস্ত্র ও সরঞ্জামের রক্ষণাবেক্ষণ, মেরামত এবং কারিগরী ক্ষেত্রে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে দেশী/বিদেশী প্রযুক্তির সহায়তায় ও সম্পূর্ণ দেশীয় তত্ত্বাবধানে বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু "বঙ্গবন্ধু এ্যারোনটিক্যাল সেন্টার" স্থাপন করা হয়েছে।

ড। গত ২৭ জুন ২০১০ তারিখে F-7 Series যুদ্ধ বিমানের Overhaul Plant স্হাপনের জন্য চীন সরকারের সাথে একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যার বাস্তবায়ন কার্যক্রম বর্তমানে এগিয়ে চলছে। এই প্রকল্পটি সম্পন্ন করা হলে F-7 Series যুদ্ধ বিমানের Overhaul এর কাজ দেশেই সম্পন্ন করা সম্ভব হবে এবং এতে প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

২০১৩-২০১৪ অর্থবছর

Kl State Export Credit Agreement এর আওতায় (Govt to Govt Negotiation) এর মাধ্যমে রাশিয়া হতে ক্রয়কৃত ১৬টি Yak-130 বিমানের মধ্যে ১৪টি Yak-130 বিমান বাংলাদেশ বিমান বাহিনীতে সংযোজিত হয়েছে। অবশিষ্ট ২টি বিমান আগামী এপ্রিল-জুন ২০১৬ এর মধ্যে বাংলাদেশে পৌঁছার সম্ভাবনা রয়েছে।

খ। State Export Credit Agreement এর আওতায় (Govt to Govt Negotiation) এর মাধ্যমে রাশিয়া হতে ক্রয়কৃত ০৫টি Mi-171SH হেলিকপ্টার বাংলাদেশ বিমান বাহিনীতে সংযোজিত হয়েছে।

গ। দেশের দক্ষিণাঞ্চলে সমুদ্রসীমায় উদ্ধার কার্যে তৎপরতা বৃদ্ধির লক্ষ্যে Agusta Westland S.p.A, Italy হতে ক্রয়কৃত ০২টি Maritime Search and Rescue Helicopter বাংলাদেশ বিমান বাহিনীতে সংযোজিত হয়েছে।

ঘ। বাংলাদেশ বিমান বাহিনীর পরিবহন বিমানের বৈমানিকদের প্রশিক্ষণ ত্বরান্বিত করার লক্ষ্যে চেক রিপাবলিকের LET Aircraft Industries হতে ক্রয়কৃত ০৩টি L-410 Transport Trainer Aircraft বাংলাদেশ বিমান বাহিনীতে সংযোজিত হয়েছে।

ঙ। স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে বাংলাদেশে Mi-17 Series হেলিকপ্টারের Overhaul Plant স্হাপনের জন্য ২০১৩-২০১৪ অর্থবছরে M/S Ukrinmash, Ukraine এর সঙ্গে একটি চুক্তি সম্পাদন করা হয়েছে। উক্ত চুক্তির আলোকে Mi-17 Series হেলিকপ্টার Overhaul কার্যক্রম স্হানীয়ভাবে করা সম্ভব হবে। ফলে বাংলাদেশ বিমান বাহিনী বিমান/হেলিকপ্টার রক্ষণাবেক্ষণে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের ক্ষেত্রে অনেকদুর এগিয়ে যাবে।

২০১৪-২০১৫ অর্থবছর

ক। বিমান বাহিনীকে যুগোপযোগী ও আধুনিকায়নের লক্ষ্যে ১২টি পিটি-৬ বিমান ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী বিমানসমুহ আগামী আগষ্ট ২০১৬ এ বাংলাদেশে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।

খ। ০১টি Air Defence Radar ক্রয়ের লক্ষ্যে CEIEC, China এবং DGDP এর মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী রাডারটি আগামী জুন ২০১৬ এ বাংলাদেশে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।

গ। ০১টি Mi-17 Series হেলিকপ্টার Simulator ক্রয়ের লক্ষ্যে Flite Industries Pte Ltd, Singapore এবং DGDP এর মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী Simulator টি আগামী ডিসেম্বর ২০১৬ এ বাংলাদেশে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।

ঘ। State Export Credit Agreement এর আওতায় (Govt to Govt Negotiation) এর মাধ্যমে রাশিয়া হতে ১টি Mi-171E VIP Saloon হেলিকপ্টার ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী Mi-171E VIP Saloon হেলিকপ্টারটি আগামী জুন-জুলাই ২০১৬ এ বাংলাদেশে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।

ঙ। বিমান বাহিনী প্রধান এর পদবী “এয়ার মার্শাল” হতে “এয়ার চীফ মার্শাল” পদবীতে উন্নীত করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ বিমান বাহিনীর বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে সর্বোচ্চ দুইজন এয়ার অফিসার কমান্ডিং এর পদবী (বিমান বাহিনী ঘাঁটি বাশার, বিমান বাহিনী ঘাঁটি মতিউর এবং বিমান বাহিনী ঘাঁটি জহুরুল হক) এয়ার কমডোর হতে এয়ার ভাইস মার্শাল এ উন্নীত করা যাবে। এছাড়াও এয়ার অফিসার কমান্ডিং (বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু) এর পদবীকে এয়ার ভাইস মার্শাল এ উন্নীত করা হয়েছে।

চ। বাংলাদেশ বিমান বাহিনীতে মহিলা কর্মকর্তা নিয়োগ চলমান রয়েছে। বিমান বাহিনীর পুরুষ সদস্যদের পাশাপাশি মহিলা কর্মকর্তাগন স্টাফ কোর্স ও বিভিন্ন কর্মকান্ডে দক্ষতার পরিচয় দিয়ে সক্রিয়ভাবে অংশগ্রহন করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মত বিমান বাহিনীর ২ জন মহিলা কর্মকর্তা সামরিক বৈমানিক হিসেবে প্রশিক্ষণ সমাপ্ত করেছে এবং আরও বেশ কয়েকজন মহিলা সামরিক বৈমানিক প্রশিক্ষণাধীন রয়েছে যা যুগান্তকারী পদক্ষেপ হিসেবে ইতিহাসে মাইলফলক হয়ে থাকবে।

ছ। ফোর্সেস গোল-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে সিলেট এবং বরিশালে বিমান বাহিনী ঘাঁটি স্হাপনের পরিকল্পনা চলমান রয়েছে।

জ। বিভিন্ন ঘাঁটি ও ইউনিট সমূহকে ডিজিটাইজেশন কার্যক্রমের অংশ হিসেবে বিমান বাহিনী বঙ্গবন্ধুর উড্ডয়ন, পরিচালন, রক্ষণাবেক্ষণ ও প্রশাসনিক কার্যক্রম ডিজিটাইজেশন করা হয়েছে। এর ফলে উড্ডয়ন, পরিচালন, রক্ষণাবেক্ষণ ও প্রশাসনিক কাজের সাথে সংশ্লিষ্ট হালনাগাদ তথ্যাদি অতি সহজে, সঠিক ও নিভূলভাবে পাওয়া যাচ্ছে এবং উক্ত ঘাঁটি Paper less office হিসেবে কার্যক্রম শুরু করছে।

ঝ। বিমান বাহিনী ঘাঁটি বাশার এর ক্যাটারিং ফ্লাইটের আওতাধীন বিমান বাহিনী সদস্যদের রেশন সামগ্রী ডিজিটাইজেশন প্রক্রিয়ায় BAF Customized Software এর Catering Information Module ব্যবহার করে প্রদান করা হচ্ছে। এর ফলে স্বল্প সময়ে রেশন প্রদান ও গ্রহন করা সম্ভব হচ্ছে এবং গুদামে রক্ষিত রসদ সামগ্রীর তাৎক্ষণিক ব্যালেন্স জানা যাচ্ছে। চলতি অর্থ বছরেই বিমান বাহিনীর অন্যান্য ঘাঁটিতেও একই পদ্ধতি প্রবর্তনের প্রক্রিয়া শুরু করা হয়েছে।

ঞ। সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার মূলমন্ত্রে দীক্ষিত হয়ে বাংলাদেশ বিমান বাহিনীর সর্বক্ষেত্রে তথ্য ও প্রযুক্তির ব্যবহার এবং বিমান বাহিনীর ১০০% সদস্যকে কম্পিউটার পরিচালনায় পারদর্শী করার নিমিত্তে ইতিমধ্যে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বর্তমানে বিমান বাহিনীর ৭৮.৪০% সদস্যকে কম্পিউটার পরিচালনায় দক্ষতা অর্জন করেছে যা আগামী ডিসেম্বর ২০১৬ সালে ১০০% এ উন্নীত হবার সম্ভাবনা রয়েছে।

ট। বাংলাদেশ বিমান বাহিনীর বিভিন্ন ঘাঁটি সমূহে ০৬টি বি এ এফ শাহীন স্কুল ও কলেজ এবং ০৪টি বাফওয়া গোল্ডেন ঈগল নার্সারী স্কুল রয়েছে। উক্ত প্রতিষ্ঠানগুলোতে সর্বমোট ২০,৯৯৫ জন শিক্ষার্থী অধ্যায়নরত আছে। ২০১৪ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ২,৩৯৪ জন, মাধ্যমিক পরীক্ষায় ৯৯৪ জন, জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ১,৩৫১ জন এবং প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ১,২৯৫ জন পাস করেছে। উক্ত পরীক্ষা গুলোতে পাসের হার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৯৭.৫৮%, মাধ্যমিক পরীক্ষায় ৯৯.৭০%, জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ৯৮.৭৮% এবং প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ১০০%। ২০১৪ সালে অনুষ্ঠিত পরীক্ষাসমুহে জিপিএ-৫ পেয়েছে উচ্চ মাধ্যমিকে ৬৭৫ জন, মাধ্যমিকে ৫৪১ জন, জুনিয়র স্কুল সার্টিফিকেট এ ৬০০ জন এবং প্রাথমিক শিক্ষা সমাপনীতে ৮৯৮ জন। ২০১৫ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ২,৬৭৯ জন, মাধ্যমিক পরীক্ষায় ১০৮৩ জন, জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ১,৩৪৮ জন এবং প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ১,২২৩ জন পাস করেছে। উক্ত পরীক্ষা গুলোতে পাসের হার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৯৬.৬৮%, মাধ্যমিক পরীক্ষায় ৯৯.৪৫%, জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ৯৯.৭০% এবং প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ১০০%। ২০১৫ সালে অনুষ্ঠিত পরীক্ষায়সমুহে জিপিএ-৫ পেয়েছে উচ্চ মাধ্যমিকে ৪৭০ জন, মাধ্যমিকে ৪৭৩ জন, জুনিয়র স্কুল সার্টিফিকেট এ ৭১৯ জন এবং প্রাথমিক শিক্ষা সমাপনীতে ৯৪৩ জন।

ঠ। বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের অঙ্গিকার বাস্তবায়নে বাংলাদেশ বিমান বাহিনী জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে আসছে। ১৯৯৩ সাল থেকে বাংলাদেশ বিমান বাহিনী এই পর্যন্ত ২৫টি শান্তিরক্ষা মিশনে অত্যান্ত সফলতার সাথে অংশগ্রহণ করেছে এবং প্রতিটি ক্ষেত্রে বাংলাদেশ বিমান বাহিনী তথা বাংলাদেশের সুনাম আন্তর্জাতিক অঙ্গনে অক্ষুন্ন রয়েছে। বর্তমানে বাংলাদেশ বিমান বাহিনীর ৯টি Mi-17 হেলিকপ্টার (৬টি কঙ্গোতে ও ৩টি হাইতিতে) এবং ১টি C-130 পরিবহন বিমান জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে উড্ডয়ন পরিচালনা করছে।

<u>২০১৫-২০১৬ অর্থবছর</u>

ক। বাংলাদেশ বিমান বাহিনী হতে ০৩টি Medium Range Fixed Wing Transport বিমান, ০২টি Training হেলিকপ্টার, ০১টি Short Range Air Defence Radar (SHORAD) System, ০১টি Unmanned Aerial Vehicle (UAV), ০১টি Long Range Air Defence Radar, ০১টি Air Defence System Integration এবং ১১টি PT-6 প্রশিক্ষণ বিমান ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

২। ইহা আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

এটিএম ইরফানুর রহমান
উইং কমাঃ
পক্ষে স বি বা প্র (প ও প্র)
E-mail:
ddplans@baf.mil.bd

বিতরণঃ
বহিস্হঃ

কার্যক্রমঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১৫ অধিশাখা)
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
(দৃষ্টি আকর্ষণার্থেঃ আফিয়া খাতুন, যুগ্ম-সচিব)

অভ্যন্তরীণঃ

অবগতিঃ

বি বা প্রধানের একান্ত সচিব
প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর
স বি বা প্র (প ও প্র) এর ষ্টাফ অফিসার